গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
টেলিযোগাযোগ অধিদপ্তর
প্রশাসন-১ শাখা

# টেলিযোগাযোগ অধিদপ্তরে অনুষ্ঠিত অক্টোবর/২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ রফিকুল ইসলাম<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ১২ অক্টোবর ২০২৩/ ২৭ আশ্বিন ১৪৩০ |
| সভার সময় | সকাল ১০:০০ ঘটিকা |
| স্থান | টেলিযোগাযোগ অধিদপ্তরের সভাকক্ষ (কক্ষ নং ৪০৩) |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক (স্বাক্ষরের ক্রমানুসারে) |

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা এবং নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়-

## ১) সেপ্টেম্বর/২০২৩ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন, পঠন ও দৃঢ়ীকরণ

| ক্র. | বিষয় | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ১ | সেপ্টেম্বর/২০২৩ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন, পঠন ও দৃঢ়ীকরণ | ২১/০৯/২০২৩ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত সেপ্টেম্বর/২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী ইনথিতে সংশ্লিষ্ট সকলের নিকট ইতোমধ্যে প্রেরণ করা হয়।<br><br>উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকলে কার্যবিবরণী দৃঢ়ীকরণ। | গত সমন্বয় সভার কার্যবিবরণীর কোন আপত্তি, সংশোধনী কিংবা সংযোজনী প্রস্তাব না থাকায় দৃঢ়ীকরণ করা যেতে পারে। | গত সমন্বয় সভার কার্যবিবরণীর উপর কোন আপত্তি, সংশোধনী কিংবা সংযোজনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হলো। |

## ২) সেপ্টেম্বর/২০২৩ মাসের সমন্বয় সভায় গৃহিত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি

| ক্র. | বিষয় | আলোচনা এবং গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | মামলা সংক্রান্ত | আলোচনায় জানা যায় যে, টেলিযোগাযোগ অধিদপ্তরে মোট ১৪টি মামলার মধ্যে ১টি মামলার রায় হয়েছে। তবে এখনও পূর্ণাঙ্গ মামলার রায় পাওয়া যায়নি। অবশিষ্ট ১৩টি মামলা চলমান রয়েছে। | ২৭৩৫/২০১৮ নং মামলাটির উপর মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগের রায় উত্তোলন করা হয়েছে। | |
| ২ | পদোন্নতি বিষয়ে হালনাগাদ তথ্য | সভায় পরিচালক (প্রশাসন) জানান যে, ডিপিসি করার নিমিত্ত বিটিসিএল হতে কর্মচারীগণের মামলার তথ্য চাওয়া হয়েছে। তথ্যগুলি পর্যায়ক্রমে বিটিসিএল প্রেরণ করছে। এছাড়া জনপ্রশাসন মন্ত্রণালয়ের জারিকৃত পদোন্নতি সংক্রান্ত প্রজ্ঞাপনটিও সংশোধনের অপেক্ষায় আছে। প্রজ্ঞাপনটি সংশোধন হলে পদোন্নতির লক্ষ্যে ডিপিসি'র সভা আহবান করা হবে। | এসএই, ওয়্যারম্যান, লাইনম্যান, ক্যাবল জয়েন্টার, টিসিএম, টিসিটি, সিনিয়র টেলিগ্রাফ মাষ্টার ও টেলিফোন অপারেটের এই ৮টি পদের জন্য খসড়া গ্রেডেশন তালিকা প্রকাশ করা হয়েছে। খসড়াটি ৩০ কার্যদিবসের মধ্যে চুড়ান্ত করা হবে। | |

| ক্র. | বিষয় | আলোচনা এবং গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৩ | উন্নয়ন প্রকল্পের অগ্রগতি | ক) সুবিধাবঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষাব্যবস্থা ডিজিটালকরণ প্রকল্প হতে জানানো হয় যে, সাইটগুলোর FAT কার্যক্রমের জন্য কমিটিতে বিটিআরসি'র প্রতিনিধি মনোনয়ন চেয়ে পত্র দেয়া হয়েছে।<br><br>প্রকল্পের আওতায় মোট ৬৭৮টি সাইটের মধ্যে ২৬৪টি সাইট বিটিসিএলের মাধ্যমে, ১৫৬টি সাইট টেলিটকের মাধ্যমে এবং বাকী ২৫৮টি সাইট অন্য অপারেটরের মাধ্যমে ইন্টারনেট সংযোগ দেয়া হবে।<br><br>খ) সিটিডিআর-২ প্রকল্পের প্রকল্প পরিচালক আশাবাদ ব্যক্ত করেন যে, সমস্ত আনুষ্ঠানিকতা শেষে প্রকল্পের মালামাল ২/১ দিনের মধ্যে অধিদপ্তরে পৌঁছে যাবে। মালামাল প্রাপ্তির পর স্থাপন কাজের যেনো কোনো বিলম্ব না হয় সে বিষয়ে দৃষ্টি রাখার জন্য মহাপরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেন।<br><br>গ) NAATRT এর প্রকল্প পরিচালক জানান যে, বুয়েটের বিআরটিসিকে আগামী সপ্তাহে টিটিসি'র এলাকা সার্ভে করার জন্য অনুরোধ জানানো হবে। | (ক) বিটিআরসি'র প্রতিনিধি পাওয়া গেছে এবং FAT কমিটি গঠন করা হয়েছে, এমাসের মধ্যে কার্যক্রম শুরু হবে।<br><br>ইন্টারনেট সংযোগের বিল বিটিসিএলকে পরিশোধের সিদ্ধান্ত হয়েছে, এমাসেই সংযোগ কার্যক্রম শুরু হবে।<br><br>(খ) স্থাপন কাজ শেষ হয়েছে। OAT কমিটি গঠন করা হয়েছে।<br><br>(গ) বিগত ৯ অক্টোবর ২০২৩ তারিখ থেকে সার্ভে কার্যক্রম শুরু হয়েছে। | |

**৩) অক্টোবর/২০২৩ মাসের আলোচ্যসূচির উপর আলোচনা ও সিদ্ধান্ত**

| ক্র. | বিষয় | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা এবং গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | বাজেট বাস্তবায়ন অগ্রগতি | টেলিযোগাযোগ অধিদপ্তরের ১ম কোয়ার্টারের বাজেট বাস্তবায়ন অগ্রগতির উপর আলোচনা | সভায় পরিচালক (অর্থ) অধিদপ্তরের ১ম কোয়ার্টারের বাজেট বাস্তবায়নের বিস্তারিত উপস্থাপন করেন। এতে জানা যায় যে, ১ম কোয়ার্টারের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ১,৬৫০০০/- টাকার বিপরীতে দরপত্র বিক্রয়, সরকারী যানবাহন ব্যবহার ইত্যাদি বাবদ আদায় হয়েছে ১৯,০০০/- টাকা অর্থাৎ লক্ষ্যমাত্রার ১২.১২ শতাংশ। পরিচালন ব্যয়ের লক্ষ্যমাত্রা ছিলো ২২ কোটি টাকা, এর বিপরীতে ব্যয় হয়েছে ১৪ কোটি টাকা অর্থাৎ লক্ষ্যমাত্রার ৬৩ শতাংশ। এছাড়া, অআর্থিক খাত, যথা- লাইন ও তার, কম্পিউটার ক্রয়, অগ্নি-নির্বাপক, আসবাবপত্র ইত্যাদি খাতে এপর্যন্ত কোনো ব্যয় হয়নি।<br><br>সিদ্ধান্ত: এই কোয়ার্টারের যানবাহন ব্যবহারের ভাড়াসমূহ আদায়ের ব্যাপারে জোর দিতে হবে। এছাড়া অধিদপ্তরের ক্রয় সংক্রান্ত কার্যাদি যথাসময়ে সম্পন্ন করতে হবে। | ১। পরিচালক (অর্থ)<br>২। পরিচালক (প্রশাসন)<br>৩। পরিচালক (আইসিটি) |
| ২ | এপিএ সংক্রান্ত অগ্রগতি | টেলিযোগাযোগ অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) ১ম কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতির উপর আলোচনা | উপপরিচালক (অন্যান্য সংস্থা) সভায় অবহিত করেন যে, এপিএ-এর কর্মপরিকল্পনা মোতাবেক ১ম কোয়ার্টারে সবকিছু সম্পন্ন করা হয়েছে। যেমন- সিটিডিআর সেন্টারের ব্যান্ডউইডথ মনিটরিং এর লক্ষ্যমাত্রা ছিলো ২৮৫০ জিবিপিএস, এবং এর বিপরীতে অর্জন হয়েছে ২৮৯০ জিবিপিএস। অনলাইন প্লাটফরম ব্যবহার করে সমসাময়িক বিষয়ের উপর ১টি প্রশিক্ষণ সম্পাদন করা হয়েছে, এক্ষেত্রে এই বছরে ৬টি প্রশিক্ষণের করার লক্ষ্যমাত্রা ধরা আছে। এছাড়া পরামর্শ/সহায়তা প্রদান বিষয়ক প্রাপ্ত ২টি চাহিদার বিপরীতে সবগুলি প্রদান করা হয়েছে।<br><br>সিদ্ধান্ত: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের বিষয়ে অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীগণ সচেষ্ট থাকবেন। | টেলিযোগাযোগ অধিদপ্তরের সকল কর্মকর্তা/ কর্মচারী |

| ক্র. | বিষয় | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা এবং গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩ | এক ঠিকানায় সরকারি সেবা 'মাইগভ' প্ল্যাটফর্মে নাগরিক সেবা প্রদান | টেলিযোগাযোগ অধিদপ্তরে মাইগভ প্লাটফর্মে নাগরিক সেবা সংক্রান্ত আলোচনা | সভায় উপপরিচালক (প্রশিক্ষণ) জানান যে, মাইগভ টিমের সাথে তিনি ইতোমধ্যে যোগাযোগ করেছেন। অধিদপ্তরের কর্মচারীদের জন্য মাইগভের মাধ্যমে সেবা প্রদানের লক্ষ্যে মাইগভে প্রশাসনিক লগইন এর পরিবর্তে যাতে নাগরিক লগইন করে সেবার আবেদন করা যায় সেবিষয়টি মাইগভ টিম খতিয়ে দেখছেন। এছাড়া মাইগভে সংযোজিত অধিদপ্তরের ১৩টি সেবার ফর্মসমূহ এবং এর রাউটিং সমস্যাগুলো পরীক্ষা করা হচ্ছে।<br><br>সিদ্ধান্ত: ৩০ অক্টোবর ২০২৩ খ্রি. তারিখের মধ্যে সংশোধনসমূহ পরীক্ষা করে বাস্তবায়নের ব্যবস্থা নিতে হবে। | ১) উপপরিচালক (প্রশিক্ষণ)<br>২) উপপরিচালক (প্রশাসন)<br>৩) উপপরিচালক (আইসিটি পরিকল্পনা)<br>৪) উপপরিচালক (অর্থ) |
| ৪ | উন্নয়ন প্রকল্পের অগ্রগতি | টেলিযোগাযোগ অধিদপ্তরের আওতাধীন চলমান প্রকল্পের অগ্রগতি নিয়ে আলোচনা | NAATRT এর প্রকল্পের প্রকল্প পরিচালক জানান যে, তার প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন ফিজিবিলিটি রিপোর্টের জন্য অত্র প্রতিষ্ঠানে ডিওটি'র কি কি করার পরিকল্পনা রয়েছে তার একটি তালিকা বুয়েটকে প্রদান করতে হবে। এছাড়া বিটিসিএলের ২১৪তম পর্ষদ সভার সিদ্ধান্ত মোতাবেক টিটিসি'র ৫.৬৬ একর জমি অধিদপ্তরের অনুকূলে বুঝে নেয়ার পর জমির মালিকানা পিডব্লিউডি'র নিকট থেকে ডিওটিতে স্থানান্তরের জন্য ডাক ও টেলিযোগাযোগ বিভাগে পত্র প্রেরণ করতে হবে।<br><br>সিদ্ধান্ত: এ বিষয়ে একটি পত্র প্রস্তুত করতে হবে এবং মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে প্রকল্প পরিচালক, NAATRT বরাবরে প্রেরণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ৫ | সেপ্টেম্বর/২০২৩ মাসের অধিদপ্তরের প্রদত্ত বিবিধ সেবা বিষয়ক প্রতিবেদন উপস্থাপন ও পর্যালোচনা | ক) পিআরএলগামী কর্মকর্তা-কর্মচারীগণের অধিদপ্তরে যোগদান ও পদস্থাপন এবং পিআরএল মঞ্জুরি<br>খ) আঠারো মাসের এককালীন থোক মঞ্জুরি<br>গ) জিপিএফ মঞ্জুরি<br>ঘ) পেনশন ও আনুতোষিক মঞ্জুরি<br>ঙ) কল্যাণ বিষয়ক আবেদন মঞ্জুরি<br>চ) পাসপোর্ট ও ছুটি বিষয়ক আবেদন মঞ্জুরী<br>ছ) কর্মকর্তা-কর্মচারীগণের উচ্চতর গ্রেড/ সিলেকশন গ্রেড মঞ্জুরী বিষয়ক আবেদন। | ক) যোগদান ও পদস্থাপনের ২১টি, এবং পিআরএল মঞ্জুরির ২২টি আবেদনের সবগুলিই নিষ্পত্তিকৃত।<br>খ) প্রাপ্ত মোট ২৫টি আবেদনের সবগুলিই নিষ্পত্তিকৃত।<br>গ) মোট ১৯৫ টি জিপিএফ আবেদনের মধ্যে ৭টি আবেদন সিস্টেমের ব্যালেন্স শীট, জিপিএফ স্লিপের সাথে নামের গড়মিল থাকায় প্রক্রিয়াধীন আছে।<br>ঘ) প্রাপ্ত মোট ৭৬টি আবেদনের মধ্যে সিএএফও অফিসে প্রেরণ করা হয়েছে ৩২টি। প্রক্রিয়াধীন আছে ৪৪টি আবেদন।<br>ঙ) কল্যাণ শাখার সকল আবেদন যথাসময়ে নিষ্পত্তি করা হয়েছে।<br>চ) পাসপোর্টের অনাপত্তি এবং ছুটি বিষয়ক সকল আবেদন যথাসময়ে নিষ্পত্তি করা হয়েছে। | সেবা মনিটরিং কমিটি |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ রফিকুল ইসলাম

মহাপরিচালক

স্মারক নম্বর: ১৪.৩০.০০০০.২১২.০৬.০০১.২০.২০০

তারিখ: ৩০ আশ্বিন ১৪৩০
১৫ অক্টোবর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
২) অতিরিক্ত মহাপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর
৩) পরিচালক (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর
৪) উপ-পরিচালক (সকল), টেলিযোগাযোগ অধিদপ্তর
৫) প্রকল্প পরিচালক, সাইবার থ্রেট ডিটেকশন এন্ড রেসপন্স (ফেইজ-২) প্রকল্প, টেলিযোগাযোগ অধিদপ্তর
৬) অফিস কপি



মোঃ মফিজ উদ্দিন
পরিচালক